

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৯৫

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

بَابُ التَّصَاوِيرِ

আরবী

وَعَنْهَا عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَشَدُ النَّاسِ عَذَابًا يَوْمَ الْقِيَامَةِ الَّذِينَ يُخَاهُونَ بِخَلْقِ اللَّهِ»

বাংলা

৪৪৯৫-[৭] উক্ত রাবী [‘আয়িশাহ্ (রাঃ)] হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন সবচেয়ে কঠিন আয়াব ভোগ করবে এমন সব লোক যারা আল্লাহর সৃষ্টির সাথে সাদৃশ্যতা করে। (বুখারী ও মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ৫৯৫৪, ৬১০৯; মুসলিম (২১০৭)-৯১, নাসায়ী ৫৩৫৬, সহীলুল জামি‘ ২২০৪, সহীহ আত্মার ওয়াত্ত তারহীব ৩০৫৩, মুসান্নাফ ‘আবদুর রায়ক ১৯৪৮৪, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ ২৫২০৮, আহমাদ ২৪৫৩৬, মুসনাদে আবু ইয়া‘লা ৪৪০৯, শু‘আবুল স্টমান ৬৩১২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (...أَشَدُ النَّاسِ عَذَابًا يَوْمَ الْقِيَامَةِ) কিয়ামতের দিন সবচেয়ে কঠিন শান্তি দেয়া হবে তাদেরকে যারা আল্লাহর সৃষ্টির সাথে সামঞ্জস্য কোন প্রাণীর ছবি অঙ্কন করে।

কাফী ‘ইয়ায (রহিমাহল্লাহ) বলেনঃ হাদীসের মর্ম হচ্ছে- তারা এমন কাজ করে যাতে আল্লাহর সৃষ্টি তথা মাখলুকাতের সাথে সামঞ্জস্য বিধান করে, অথবা তাদের ছবি অঙ্কনের মাধ্যমে আল্লাহর কর্মের সাথে সামঞ্জস্য হয়।

ইবনুল মালিক (রহিমাহল্লাহ) বলেনঃ যদি তারা এই ‘আকীদাহ্ পোষণ করে যে, তাদের কর্ম আল্লাহর কর্মের মতই, তাহলে তারা কাফির। তাদের জগন্য কুফরী কর্মের বৃদ্ধির জন্য শান্তিও বৃদ্ধি করে দেয়া হবে। নতুনা

হাদিসের মর্ম হবে ধর্মকী প্রদান করা। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75219>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন